

Official Spokesperson's response to queries regarding the visit of Prime Minister to Bangladesh

March 09, 2020

প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর সম্পর্কিত প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

৯ই মার্চ, ২০২০

প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর সম্পর্কিত প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র রবীশ কুমার বলেছেন:

"আমরা বাংলাদেশ সরকারের কাছ থেকে আনুষ্ঠানিক নোটিশ পেয়েছি যে সে দেশে করোনা ভাইরাসের ঘটনা শনাক্ত হওয়ায় এবং এক্ষেত্রে বৃহত্তর আন্তর্জাতিক স্বাস্থ্য পরিস্থিতির কথা বিবেচনা করে বাংলাদেশের জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ উদযাপনের লক্ষ্যে আয়োজিত জনসমাবেশকে পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই স্বগিতাদেশের প্রভাব ১৭ই মার্চ তারিখে পরিকল্পিত বিশাল সমাবেশের ক্ষেত্রেও প্রযোজ্য, যেখানে ভারতের প্রধানমন্ত্রী আমন্ত্রিত ছিলেন।

এই স্মারক অনুষ্ঠানগুলির নতুন তারিখগুলি পরে জানানো হবে বলে বাংলাদেশ সরকার আমাদের অবহিত করেছে।

এই প্রসঙ্গে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে আগামী সপ্তাহে প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর স্থগিত করা হচ্ছে। এই স্বগিতাদেশের আবশ্যিক পরিস্থিতি অনুভব করার সময়, ভারত আমাদের সাধারণ প্রতিবেশী অঞ্চলগুলিতে এই রোগের বিস্তারের মোকাবেলায় অংশীদার হিসাবে বাংলাদেশের সাথে কাজ করতে প্রস্তুত।"

নতুন দিল্লী

৯ই মার্চ, ২০২০

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.